

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট
১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd



সংবাদ বিজ্ঞপ্তি


তারিখ: ২৩ ফেব্রুয়ারি ২০২১

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদ্যাপন উপলক্ষ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটে চার দিনব্যাপী অনুষ্ঠানমালার শুভ উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। চার দিনব্যাপী এ আয়োজনের তৃতীয় দিন, আজ ২৩ ফেব্রুয়ারি ২০২১ অনুষ্ঠিত হয় জাতীয় সেমিনার। আলাদা দুটি অধিবেশনের এই সেমিনারের মূল প্রতিপাদ্য : বঙ্গবন্ধু ও মাতৃভাষা-আশ্রয়ী বহুভাষিক শিক্ষা ব্যবস্থা। প্রথম অধিবেশনের বিষয় ছিল : বঙ্গবন্ধুর শিক্ষা ভাবনা এবং শিক্ষায় মাতৃভাষার ব্যবহার। এতে স্বাগত বক্তব্য প্রদান করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটের পরিচালক (ভাষা, গবেষণা ও পরিকল্পনা) প্রফেসর মোঃ শাফীউল মুজ নবীন। মূল প্রবন্ধ উপস্থাপনকারী হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্চুরী কমিশনের সাবেক চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান। আলোচনায় ভার্চুয়ালি অংশগ্রহণ করেন ইউনিভার্সিটি অব লিবারাল আর্টস-এর অধ্যাপক ড. সৈয়দ মনজুরুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এম.পি। এ অধিবেশনে সভাপতিত করেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব ড. আহমেদ মুনিরুহ সালেহীন। সঞ্চালকের দায়িত্ব পালন করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটের সহকারী পরিচালক (সেমিনার, পরিকল্পনা ও আর্কাইভ) জনাব মোঃ আব্দুল মুমিন মোছার্বিন।




জাতীয় সেমিনারের ১ম অধিবেশনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের
মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এম.পি.

দ্বিতীয় অধিবেশনের বিষয় ছিল : মাতৃভাষা আশ্রয়ী শিক্ষা ব্যবস্থা : বর্তমান বাস্তবতা। এতে স্বাগত বক্তব্য প্রদান করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটের পরিচালক (প্রশাসন, অর্থ ও প্রশিক্ষণ) জনাব মোঃ ফজলুর রহমান ভুঁঞ্চ। মূল প্রবন্ধ উপস্থাপনকারী হিসেবে ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনসিটিউট (IER)-এর সহযোগী অধ্যাপক ড. মুহাম্মদ মাহবুবুর রহমান। আলোচনায় অংশগ্রহণ করেন ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষাবিজ্ঞান বিভাগের খণ্ডকালীন শিক্ষক অধ্যাপক মহাম্মদ দানীউল হক। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন, এম.পি। সেমিনারের উক্ত অধিবেশনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব জনাব গোলাম মোঃ হাসিবুল আলম। এ অধিবেশনে সভাপতিত্ব করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটের মহাপরিচালক অধ্যাপক ড. জীনাত ইমতিয়াজ আলী। সঞ্চালকের দায়িত্ব পালন করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটের সহকারী পরিচালক (প্রচার এবং তথ্য ও যোগাযোগ) জনাব মিন্ধা বাউল। দিনব্যাপী সেমিনারের শেষ প্রাতে এসে সমবেত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটের পরিচালক (ভাষা, গবেষণা ও পরিকল্পনা) প্রফেসর মোঃ শাফীউল মুজ নবীন।



জাতীয় সেমিনারের ২য় অধিবেশনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের
মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন, এম.পি।


(মোঃ মিজানুর রহমান)

উপপরিচালক (প্রচার, তথ্য ও যোগাযোগ)
মোবাইল : ০১৭১১৪৬০৫৪০
ই-মেইল : mizanurr16bcs@gmail.com